তলিয়ে যাবার আগে

তলিয়ে যাবার আগে

গৌরকিশোর ঘোষ

শৈব্যা পুস্তকালয় ● ৮/১ সি শ্যামাচরণ দে স্ট্রীট,
কলিকাতা-৭৩

শ্রীমতী গৌরী আইয়ুব

শ্রীমতী আরতি সেন

শ্রীমতী বাণী সিংহ

আমার এই তিন বন্ধুকে

এই বইতে আছে

বাঘবন্দী ৭
তলিয়ে যাবার আগে ৫৭
পশ্চিমবঙ্গ এক প্রমোদ তরণী হা হা ১১১

প্রথম পর্ব

বাঘবন্দী

রোদ্দুর গনগন করছে। ট্রাম থেকে ওরা চারজন নামল। শঙ্কর সিগারেট ধরাল। গুপী ঘামছে। কলেজের খোলা গেট দিয়ে ওরা শান্তভাবে ভিতরে ঢুকল। "হরু!" —রাস্তার ওপার থেকে কে ডাকল। হরু ঘাড় ফিরিয়ে তাকে দেখল। "আমরা মাইরি তেতলায় থাকব। সেই কোণটায়। চটপট চলে আয়।" হরু হাসল। গুপী ঘামছে। রুমাল বার করে এবার সে মুখটা মুছে নিল। ছোটকোন প্যানটের পকেটে হাত দিল। বোমা দুটো আলতোভাবে ছুঁয়ে নিল। কোনও রকম উত্তেজনা সে বোধ করল না।

ওরা চারজন শান্তভাবে কমনরুমে গিয়ে ঢুকল। তারক নেই। ভব আর শৈল গল্প করছিল। ওদের চারজনকে একসঙ্গে ঢুকতে দেখে ওরা দুজন একটু অস্বস্তি বোধ করল।

"তারক নেই?" নিরুত্তাপ গলায় শঙ্কর জিজ্ঞেস করল।

ভব বলল, "ছিল তো একটু আগে।"

"কলেজ থেকে "বেরিয়ে যেতে দেখলি?"

ভব জবাব দিল, "লক্ষ্য করিনি।"

শৈল বলল, 'ইউনিয়ন রুমে থাকলে থাকতে পারে।"

শঙ্কর শুধু ছোটকোনকে ডেকে নিল। হরু আর গুপী কমনরুমেই থেকে গেল। গুপী ঘামছে।

ওরা দুজন বেরিয়ে যেতেই ভব আর শৈল একটু স্বস্তি বোধ করল।

শৈল ফিসফিস করে বলল, "ছোটকোনটা মাইরি ডেনজারাস। ওর সঙ্গে সব-সময় বোমা থাকে।"

ভব বলল, "তারকের কাছেও থাকে। তারকটাকে একটু ওয়ারন্ করতে পারলে ভাল হত। ওদের মতলব ভাল ঠেকছে না।"

শৈল বলল, "ছোটকোনটা রেপিস্ট হবে দেখে নিস।"

ভব বলল "ওর দাদার গার্ল ফ্রেন্ডকে বোমা দেখিয়ে ঝেড়ে দিয়েছে। তারক কোথায়, জানিস?"

ভব দেখল দরজার কাছে গুপী আর হরু শান্তভাবে বসে আছে। ও উঠল।

শৈল জিজ্ঞেস করল, 'উঠছিস যে?"

ভব বলল, "যাই, কাজ আছে।"

শৈল বিস্মিত, "বাঃ! তুই ডেট করলি। অরুণা আসবে। আর তুই কেটে যাচ্ছিস!"